(প্রেস বিজ্ঞপ্তি - ১)

১৩নং পাহাড়তলী ওয়ার্ডে ঈদ উপহার বিতরণকালে মেয়র

জীবন-জীবিকার চাকাকে সচল রাখতে হবে

চট্টগ্রাম-০৯ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আওয়ামী লীগ দুযোর্গ-দুর্বিপাকে মানুষের পাশে থাকে। করোনাকালে বৈশ্বিক সংকটের সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদক্ষ ও দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশের দাঁড়াবার প্রচেষ্টা বিশ্ব প্রশংসিত হয়েছে। জীবন-জীবিকার চাকাকে সচল রেখেছে। তাই প্রবৃদ্ধি ও জীবনমানের সূচক নীচে নামে নি। জীবনধারা স্বাভাবিক না থাকলেও পরিস্থিতি কখনো নিয়ন্ত্রণের বাইরে যায় নি। করোনাকালের ১৪মাসে মৃত্যুর মিছিল কখনো দীর্ঘ হয় নি। অথচ বাংলাদেশের চেয়ে অনেক উন্নত ও উন্নয়নশীল দেশের চিত্র এই সময় ভয়াবহ ছিল। তিনি আজ রোববার ১৩নং পাহাড়তলী ওয়ার্ডে ঈদ উপহার বিতরণ কর্মসূচীতে এ কথা বলেন।

ওয়ার্ড কাউন্সিলর মো. ওয়াসিম উদ্দিনের চৌধরীর সভপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন পাথরঘাটা ওয়ার্ডের কাউন্সিলর পুলক খাস্তগীর, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা জাহাঙ্গীর আলম, মো. আবু বক্কর সিদ্দিকী, সুরজিৎ বড়ুয়া লাভু, ফয়সাল আমিন, আবদুস সালাম জাগিরদার, মো. হোসেন মাস্টার, আবুল কালাম আজাদ, আব্দুল আওয়াল, মো. ইসহাক, শিক্ষক মো. মোজাম্মেল হক প্রমুখ। তিনি নগরবাসীর উদ্দেশ্যে বলেন, আমি মানুষের পাশে ছিলাম ও থাকতে চাই। চট্টগ্রাম একটি অপূর্ব নগরী এবং ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট প্রাচুর্যে ভরপুর। আমি চট্টগ্রামকে আন্তর্জাতিক মানের নগরী হিসেবে গড়ে তুলতে সকলের সহযোগিতা ও পরামর্শ চাই। আমি বিশ্বাসকরি, চট্টগ্রামকে বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তুলতে সামর্থ্য ও সক্ষমতার ঘাটতি হবে না। সিটি কর্পোরেশনের যে ভূ-সম্পত্তি আছে এগুলোতে আয়বর্দ্ধক প্রকল্প বাস্তবায়ন সম্ভব। এই প্রকল্প থেকে আর্থিক সক্ষমতা আহরণ করা কঠিন নয়, তাই প্রয়োজন বাস্তব সম্পন্ন পরিকল্পনা। সিটি কর্পোরেশনের আয়বর্দ্ধক প্রকল্পে ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিনিয়োগকারীদেরকে স্বাগত জানাই।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

লালখান বাজার ওয়ার্ডে ঈদ উপহার সামগ্রী বিতরণকালে মেয়র

কোন আশংকাকে এড়িয়ে চলার অবকাশ নেই

চট্টগ্রাম-০৯ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী ১৪নং লালখান বাজার ওয়ার্ডে গরীব উল্লাহ শাহ হাউজিং সোসাইটিতে ঈদ উপহার সামগ্রী বিতরণকালে বলেন, করোনা ভাইরাসের সংক্রমণ আরো তীব্রতর হলে বাংলাদেশের পরিস্থিতি ভয়াবহ হবে। কারণ বাংলাদেশ ঘন জনবসতিপূর্ণ একটি দেশ। সে কারণে ভয়াবহতা আশংকা অমূলক হতে পারে না। কোন আশংকাকে এড়িয়ে চলার কোন অবকাশ নেই। তবে মনোবল ও সকল সামর্থ্য উজার করে দিয়ে পরিস্থিতি সামাল দেয়া সম্ভব। তিনি বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও সরকারি নির্দেশনা মেনে চলতে আহ্বান জানান।

আজ রোববার বিকেলে ওয়ার্ড আওয়ামী লীগ আয়োজিত কাউন্সিলর আবুল হাসনাত মো. বেলালের সভাপতিত্বে অনুষ্ঠিত ঈদ উপহার বিতরণ সভায় বক্তব্য রাখেন সংরক্ষিত কাউন্সিলর আঞ্জুমান আরা, ক্রীড়া সংগঠক দিদারুল আলম চৌধুরী, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা মো. শাহজাহান কোম্পানী, ইঞ্জি. মো. হারুণ, এড. এনায়েত উল্লাহ, এড. মো. আমিন, জাকির হোসেন মাসুদ, এস.এম তানভীর উদ্দীন, হৃদয় ইসলাম রাসেল প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি - ৩)

সকল সংকটে আওয়ামীলীগ নেতাকর্মীরাই জনগণের পাশে থাকে - মেয়র

চট্টগ্রাম-০৯ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বন্যা ও প্রাকৃতিক দুযোর্গের মধ্যে এবং আজকের করোনা মহামারীতেও আওয়ামী লীগের নেতাকর্মীরা জনগণের পাশে ছিল এবং আছে। সকল সংকটে আমাদের নেতাকর্মীরা জনগণের পাশে থাকার শিক্ষা প্রয়াত নেতা মহিউদ্দিন চৌধুরী কাছ থেকে পেয়েছে। আজ দুপুরে ইসলামিয়া কলেজ বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে এ.বি.এম মহিউদ্দিনের চৌধুরী ফাউন্ডেশনের পক্ষ থেকে ঈদ উপহার বিতরণকালে তিনি এ কথা বলেন। ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি জহির আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর মহিলা আওয়ামী লীগের সভাপতি হাসিনা মহিউদ্দিন, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর নিলু নাগ, আলকরণ ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুম, বন ও পরিবেশ সম্পাদক মশিউর রহমান, ওয়ার্ড আওয়ামী লীগ নেতা খলিলুর রহমান নাহিদ, আজিজুর রহমান আজিজ, তোফায়েল আহমেদ, মোস্তাফা মোর্শেদ, ফয়সাল সাব্বির প্রমুখ।

তিনি আরো বলেন, বিশ্বজনীন করোনাকালে বাংলাদেশের অবস্থা সোচনীয় হবে আশংকা করা হলেও মহান রব্বুল ইজ্জত ও আমাদের প্রধানমন্ত্রীর দৃঢ়চেতা মনভাব ও পদক্ষেপের কারণে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে যায় নি। অথচ বাংলাদেশের চেয়ে অনেক উন্নত ও উন্নয়নশীল দেশের চিত্র এখনো ভয়াবহ। তাই আওয়ামী লীগ কর্মীদের জনগণের পাশে থেকে এ করোনাকালকেও অতিক্রম করতে হবে।

(প্রেস বিজ্ঞপ্তি - ৪)

স্বাস্থ্য সচেতনাতায় অঞ্চল ভিত্তিক মনিটরিং চালু রাখতে হবে - মেয়র

চট্টগ্রাম-০৯ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, লকডাউন চলাকালীন সময়ে প্রয়োজন ছাড়া মানুষকে ঘরে বাইরে যেতে, জনসমাগম এড়িয়ে চলতে, স্বাস্থবিধি মানতে এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে এলাকাভিত্তিক অভিযান, প্রচারণা, উদ্বূর্ধকরণ কাজের দায়িত্ব স্থানীয় জনপ্রতিনিধি, সামাজিক ও রাজনৈতিক শক্তিকেই নিতে হবে এবং লকডাউন নিশ্চিত করণে অঞ্চল ভিত্তিক মনিটরিং ব্যবস্থা চালু রাখতে হবে। আজ রোববার সকালে আবহনী ক্রীড়াচক্রের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ও বিশিষ্ট ক্রীড়া সংগঠক দিদারুল আলম চৌধুরীর ব্যবস্থাপনায় বাস্তুহারা ও ছিন্নমূলদের কাছে বাকলিয়া স্টেডিয়ামে ত্রাণ ও খাদ্য সামগ্রী বিতরণকালে তিনি এ কথা বলেন।

দিদারুল আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন মো. সালাউদ্দীন, মো. ইসমাইল, উত্তম কুমার সুশীল, মো. মঞ্জুর প্রমুখ।

আত্মমানবতার সেবায় যারা কাজ করে তারাই প্রকৃত ধার্মিক - চসিক মেয়র

চট্টগ্রাম-০৯ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আত্মমানবতার সেবায় যারা কাজ করে তারাই প্রকৃত ধার্মিক। তিনি আজ রোববার দুপুরে দামপাড়াস্থ একটি কমিউনিটি সেন্টারে সৌদি আরবের কিং সালমান হিউমিনিটেরিয়ান এইড এন্ড রিলিফ সেন্টারের তত্ত্বাবধানে একটি প্রতিনিধি দলের মাধ্যমে ৫০০ পরিবারকে পুষ্টি খাদ্য বিতরণকালে এ কথা বলেন। আল মানাহিল ওয়েল ফেয়ার ফাউন্ডেশনের তত্ত্বাবধানে খাদ্য বিতরণ অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, মানাহিলের চেয়ারম্যান হেলাল উদ্দীন জমির উদ্দীন, ব্যবস্থাপনা পরিচালক ফরিদ উদ্দীন জমির উদ্দীন, উপ-ব্যবস্থাপনা পরিচালক আবুল কালাম আজাদ প্রমুখ।

তিনি আরো বলেন, যে কোন দুযোর্গ-দুর্বিপাকের মধ্যে জনগণের কাছে ভোগ্যপণ্যের যোগান দেয়াটা বড় ধরণের সহায়তা হিসেবে কাজ করে। মানবিক বিপর্যয়ে কিং সালমান হিউমিনিটেরিয়ান এইড এন্ড রিলিফ সেন্টার বাংলাদেশের জন্য ৮০হাজার পরিবারকে খাদ্য সহায়তা দিতে পাশে দাড়িয়েছে। এ সহায়তা সত্যিকার অর্থে ভুক্তভোগীদের জন্য বড় ধরণের উপহার হিসেবে গণ্য হবে। তিনি কিং সালমান হিউমিনিটেরিয়ান এইড এন্ড রিলিফ সেন্টারের প্রতিনিধি দলকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন,
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩